

স্নাতকোত্তর অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা ২০২৫

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা

পিজি ২.৫৪

উনিশ শতক : বিভিন্ন ভাবধারার সংঘাত ও সমন্বয়

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১) ভারত-ইতিহাসের প্রাচ্যবাদীপাঠ উনিশ শতকের বাংলায় জাতীয়তার চেতনা বিকাশে কি কোনও ভাবে মানানসই হয়ে উঠেছিল বলে তোমার মনে হয়? এই বিষয়ে তোমার মত প্রতিষ্ঠা করো।

২) উনিশ শতকের বাংলায় ডিরোজিও ও তাঁর ছাত্রদের দেশভাবনা কি উত্তরাধিকারহীন হয়ে পড়েছিল? তোমার মন্তব্যসহ বিষয়টি আলোচনা করো।

৩) ঠিক-ভুল, ন্যায়-অন্যায়, উচিত-অনুচিত বিচার করার জন্য জেরেমি বেঙ্হামের ভাবনা ও পদ্ধতি কি যথার্থ বলে তোমার মনে হয়? এই বিষয়ে তোমার ভাবনা বুঝিয়ে দাও।

অথবা

৪) উনিশ শতকের বাংলা হিতবাদী তত্ত্ব থেকে এক নৈতিকতার দর্শন পেয়েছিল। মন্তব্যটি আলোচনা করো ও সেইসঙ্গে এই দর্শন তোমার কাছে কতদূর গ্রহণযোগ্য তা জানাও।

৫) 'হিন্দুমেলা'-র কার্যনির্বাহী সমিতির নাম ছিল 'ন্যাশনাল সোসাইটি'। নামের মধ্যে এই বিরোধের ভেতরেই ধরা আছে উনিশ শতকের বাংলায় জাতীয়তাবাদী চেতনার প্রথম পর্বের এক গুরুতর বিশেষত্ব। বিষয়টি বুঝিয়ে সে সম্পর্কে মন্তব্য করো।

অথবা

৬) কোনও 'নেশন'-এর পক্ষে ও বিপক্ষে 'ন্যাশনালিজম'-এর সম্ভাব্য ইতিবাচক ও নেতিবাচক দিক কী কী হতে পারে বলে তুমি মনে কর? প্রসঙ্গত জানাও উনিশ শতকের বাংলায় এসবের কোনও লক্ষণ কি তোমার চোখে পড়ে?

৭) উনিশ শতকে মুসলমান বাঙালি মধ্যবিত্ত শ্রেণির বিলম্বিত আত্মপ্রকাশের কারণ হিসেবে তুমি কোন কোন বিষয়গুলি কেন বিবেচনা করবে বুঝিয়ে লেখো।